দৈনিক সংবাদ

তারিখ 14 JUL 1987

পৃষ্ঠা ৮ কলাম ১

232

# উপজেলা পরিক্রমা

## ধোবাউড়া

নেত্রকোনা, ১৩ জুলাই (সংবাদদাতা)।— নেত্রকোনা জেলা থেকে ২২ মাইল উত্তর পশ্চিম কোণে নেত্রকোনা জেলার সীমান্তবর্তী গারো পাহাড়ের পাদদেশে একটি অনুন্নত জনপদ ধোবাইড়া উপজেলা অবস্থিত। ধোবাউড়া উপজেলার উত্তরে গারো পাহাড়, পশ্চিমে ফুলপুর ও হালুয়া ঘাট উপজেলা, দক্ষিণে পূর্ব ধলা ও ফুলপুর উপজেলা, পূর্বে দুর্গাপুর উপজেলা অবস্থিত। সীমান্তবর্তী এই উপজেলায় জনসংখ্যা ১লাখ ৫০ হাজার। ১০৮ বর্গমাইল জায়গা জুড়ে অবস্থান করছে। ৮টি ইউনিয়ন নিয়ে গঠিত অত্র উপজেলা। ধোবাউড়া উপজেলা সদরটি ঝিকুয়া নামে পরিচিত।

### যোগাযোগ

ধোবাউড়া উপজেলা নেত্রকোনা জেলার সাথে তেমন কোন যোগাযোগের রাস্তা নেই। একটি রাস্তা রয়েছে। তাও পাঁচটি নদীর ফেরী অথবা সাঁতার কেটে পার হতে হয়। মোটর গাড়ী বা জীপ নিয়ে সরকারী কাজে ধোবাউড়া যেতে হলে নেত্রকোনা থেকে ধোবাউড়া ২২ মাইল রাস্তা হলেও শম্ভুগঞ্জ হয়ে ৫০ মাইল রাস্তা ঘুরে পৌঁছতে হয়।

### শিক্ষা

নেত্রকোনা জেলার মধ্যে অন্যান্য উপজেলার চেয়ে ধোবাউড়া উপজেলা শিক্ষার দিক থেকে অনেক পিছিয়ে রয়েছে। অত্র উপজেলায় ৪৬টি সরকারী প্রাথমিক বিদ্যালয় ও ১৫টি বেসরকারী বিদ্যালয় রয়েছে। এর মধ্যে অধিকাংশ প্রতিষ্ঠানই আসবাবপত্র ও প্রয়োজনীয় সরঞ্জামের অভাবে ভুগছে।

### কৃষি

এই উপজেলার কৃষি ব্যবস্থা হতাশাব্যঞ্জক। উপজেলার মোট জমির পরিমাণ ৬৬,৬৩১ একর। এর মধ্যে প্রায় ১৩ একর জমি অনাবাদী। জানা গেছে, বার্ষিক উৎপাদন শেষে ১ লাখ ৩০ হাজার টন খাদ্য ঘাটতি থাকে।

### স্বাস্থ্য

অত্র উপজেলার জনগণ চিকিৎসার সুযোগ-সুবিধা থেকে বঞ্চিত। একটি মাত্র স্বাস্থ্য প্রকল্প রয়েছে তাও একটি টিনের ঘরে। এ ঘরটিতে কোন বারান্দা নেই ও প্রকল্পের ইনডোর চালু হয়নি।